ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩১৯১
আগরতলা, 25 মার্চ, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

"জিবি হাসপাতালের মেডিসিন বিভাগে চরম অব্যবস্থা, দুর্ভোগ" এই শিরোনামে গত২২ মার্চ, ২০২৫ রাষ্ট্রীয় কন্ঠ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণে দপ্তর থেকে জানানো হয়েছে, সংবাদটিতে সুভাষ দাসের চিকিৎসায় অবহেলা ও উদাসীনতায় মৃত্যু হয়েছে বলে যা উল্লেখ করা হয়েছে, তার তদন্তের জন্য তিন সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। সুতরাং বিষয়টি তদন্তের অধীন। তাছাড়া সংবাদটিতে মেডিসিন বিভাগে শয্যার অপ্রতুলতা বা অভাবের বিষয়ে বলা হয়েছে। সেক্ষেত্রে উল্লেখ করা যাচ্ছে যে, এই ওয়ার্ডে ২৮০টি শয্যার সংস্থান রয়েছে। কিন্তু এই মরসুমে প্রায় ৪০০ এর কাছাকাছি রোগী ভর্তি হন। বেড খালি হলে রোগীকে বেডে তোলা হয়। তাই চিকিৎসা পরিষেবায় কোনো গাফিলতি বা অবহেলা করা হয় না। রোগীদের পরিষেবা দেওয়ার ক্ষেত্রে কোনো ক্রটি থাকে না, পানীয় জলেরও সুব্যবস্থা আছে। ওয়ার্ডের বিভিন্ন লোকেশনে পর্যাপ্ত শৌচাগারও আছে এবং ২৪ ঘন্টা সুলভ কর্মীরা শৌচাগার পরিষ্কার পরিচ্ছন্ন করেন। তাছাড়া মেডিসিন বিভাগে চিকিৎসকের স্বল্পতা বলে যা উল্লেখ করা হয়েছে তা ঠিক নয়। কারণ, এজিএমসি ও জিবি হাসপাতালে ১৬ জন মেডিসিন বিশেষজ্ঞ চিকিৎসক ও ৩৩ জন পিজি রয়েছেন। সুতরাং প্রকাশিত সংবাদটি সঠিক নয়।

******